

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।

বিষয় : জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশ্ব পানি সরবরাহ কমিটির আগষ্ট/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
তারিখ : ১৩/০৮/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল-৩.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
সভাপতি : মোসাঃ সোহেলী পারভীন নিরী
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জুলাই, ২০১৩ খ্রিঃ তারিখে প্রকাশিত উপজেলা পরিষদ ম্যানুয়ালের (উপজেলা পরিষদ আইন, ১৯৯৮) এর ধারা ২৯ অনুযায়ী উপজেলা পরিষদের গত ২৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের সভায় জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশ্ব পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটি গঠন করেছেন। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ সুপারিশমালা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে মতামত প্রদান করেন। এ পর্যায়ে তিনি উপজেলার বিভিন্ন ইউনিয়নে বর্তমান জনস্বাস্থ্য পরিস্থিতি, স্যানিটেশন কভারেজ এবং বিশুদ্ধ পানি সরবরাহ পরিস্থিতি সম্পর্কে মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ করেন।

সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইল জানান যে, বর্তমানে সমগ্র উপজেলায় স্যানিটেশন কভারেজ ৮৯%। ইতোপূর্বে যে সমস্ত স্যানিটারী ল্যাট্রিন স্থাপন করা হয়েছিল তাদের কিছু অংশের গুজনেক ভেঙ্গে যাওয়ায় ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। উপরোক্ত বিভিন্ন ইউনিয়নে এখন কিছু কিছু বাড়ীতে স্যানিটারী ল্যাট্রিন স্থাপন করা হয়নি ফলে স্যানিটেশন কভারেজ শতভাগ সম্পন্ন হয়নি। তিনি এলজিএসপি, এডিপিসহ অন্যান্য খাতের অর্থ দিয়ে শতভাগ স্যানিটেশন কভারেজ অর্জনের জন্য প্রয়োজনীয় স্যানিটারী ল্যাট্রিন স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। এ ছাড়া তিনি আরো বলেন উপজেলার সার্বিক জনস্বাস্থ্য পরিস্থিতি এবং নিরাপদ সুপেয় পানির সংস্থান ভাল। বর্তমানে জনসাধারণ সচেতন হওয়ায় আর্সেনিক পানির ব্যবহার অনেক কম। শুধুমাত্র গৃহস্থলির আনুষঙ্গিক কাজের জন্য অগভীর নলকূপের পানি ব্যবহার করা হয়। ফলে জনস্বাস্থ্য নিরাপদ অবস্থানে আছে।

স্যানিটেশনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপি এবং ইউনিয়ন পরিষদের এলজিএসপি-এর অর্থ দ্বারা স্যানিটারী ল্যাট্রিন স্থাপন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য সভার পক্ষ হতে সভাপতি, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশ্ব পানি সরবরাহ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১-৩৩

তারিখ : ১৩/০৮/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০২। জনাব

সদস্য সচিব

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশ্ব পানি সরবরাহ কমিটি

ও

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.- ২২. ৩৭

তারিখঃ ৬/৪/২২ খ্রিঃ।

বিষয়ঃ উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশনও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির ৬/৪/২২ মাসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৩/৪/২২ খ্রিঃ তারিখ বেলা- ৩:৩০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশনও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)
সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশনও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপকঃ জনাব